ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/কা (স্নাতকো.) ও ফা.(অনার্স) ই.ই. প্রা.পা/২০১৯/১৪৬৯৯ তারিখ: ১৪ জৈষ্ঠ্য, ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ০১ (এক) বছর মেয়াদী কোর্সে আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ এবং ফাজিল (অনার্স) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে প্রাথমিক পাঠদান অনুমতির জন্য সালন্দর ইসলামিয়া কামিল মাদরাসা (SALANDAR ISLAMIAH KAMIL MADRASAH, EIIN: 129246), সদর, ঠাকুরগাঁও -এর অধ্যক্ষ কর্তৃক ২৫.০৭.২০২৪খ্রি. তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির অনুচ্ছেদ ১৩ (গ) অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অনুচ্ছেদ ১৩ (ঙ) মোতাবেক ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনের তারিখ ২৮.০৫.২০২৫ খ্রিষ্টাব্দ থেকে ২৭.০৫.২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত নিম্নোক্ত শর্তে ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ০১ (এক) বছর মেয়াদী কোর্সে আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ এবং ফাজিল (অনার্স) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল -

**শর্তসমূহ:**

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ এর কার্যক্রম চালু হবে এবং ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে ফাজিল (অনার্স) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এর কার্যক্রম চালু হবে।
২. আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ এবং ফাজিল (অনার্স) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে পাঠদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ করতে হবে
৩. শিক্ষার্থীদের ক্লাসমুখী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. শিক্ষার্থীদের আরবি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. প্রয়োজনীয় সংখ্যক রেফারেন্স বই ক্রয় করতে হবে।
৬. যাবতীয় আয়-ব্যয়, ক্রয়, সংগ্রহ সরকারি বিধি অনুযায়ী পরিচালনা করতে হবে এবং বিধি মোতাবেক বার্ষিক বাজেট নির্ধারণ করে ফাইল নোটের মাধ্যমে আর্থিক বিষয়াদির অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৭. শিক্ষক হাজিরা বাধ্যতামূলক করতে হবে।
৮. অনুমোদনের ৯০ দিনের মধ্যে উল্লিখিত শর্ত পূরণে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পদক্ষেপ মাদরাসা পরিদর্শন টীমকে লিখিত ভাবে অবহিত করতে হবে।
৯. মাদরাসার মূলফটক ও সকল দাপ্তরিক চিঠিপত্র প্রেরণের ক্ষেত্রে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে।
১০. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২৮/৫/২৫

(মোঃ আইউব হোসেন)
মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
সালন্দর ইসলামিয়া কামিল মাদরাসা
সদর, ঠাকুরগাঁও।

স্মারক নং- ইআবি/পরি/কা.(স্নাতকো.) ও ফা.(অনার্স) ই.ই. প্রা.পা/২০১৯/১৪৬৯৯ তারিখ: ১৪ জৈষ্ঠ্য, ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫। প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, সালন্দর ইসলামিয়া কামিল মাদরাসা, সদর, ঠাকুরগাঁও।
৮। অফিস নথি।

28/05/25

(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৮৮১-১১৪৪৮৩